**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
এফ-৪/এ, আগারগাঁও প্র/এ
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.archaeology.gov.bd
darchaeologybd@yahoo.com

স্মারক: ৪৩.২৩.০০০০.১২৩.১১.০০১.১৭-

ঢাকা, তারিখ : আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ
অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রত্নতত্ত্ব অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত বিভিন্ন গ্রেডের স্থায়ী শূন্যপদ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতনস্কেল | গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার বাসিন্দারা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১. | রিসার্চ এসিসট্যান্ট / এসিসট্যান্ট কাস্টোডিয়ান<br>১২৫০০-৩০২৩০/- | ১১তম | ০৪টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রত্নতত্ত্ব, জাদুঘরবিদ্যা, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ভূগোল, ভূতত্ত্ব, নৃতত্ত্ব, আরবি, ফার্সি, সংস্কৃত এর যে কোনো একটিতে স্নাতকোত্তর ডিগ্রিধারী। প্রত্নতত্ত্ব, ইতিহাসে স্নাতকোত্তর ডিগ্রিধারীসহ আরবি, ফার্সি অথবা সংস্কৃত ভাষায় পারদর্শী অগ্রগণ্য। | ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ, নরসিংদি, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, ফরিদপুর, শরিয়তপুর, ময়মনসিংহ, নেত্রকোনা, চাঁপাইনবাবগঞ্জ, সিরাজগঞ্জ, জয়পুরহাট, রংপুর, গাইবান্ধা, নীলফামারি, লালমনিরহাট, কুড়িগ্রাম, দিনাজপুর, ঠাকুরগাঁও, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান, ব্রাহ্মনবাড়িয়া, ফেনী, নোয়াখালী, কুমিল্লা, সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, খুলনা, যশোর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মেহেরপুর, সাতক্ষীরা ও বরিশাল।<br><br>* এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। |
| ২. | ল্যাবরেটরী টেকনিক্যাল সহকারী<br>১০২০০-২৪৬৮০/- | ১৪তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়নসহ বিজ্ঞানে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী।<br>খ) বিশ্লেষণধর্মী কাজে অভিজ্ঞতা থাকা বাঞ্চনীয়। | |
| ৩. | উচ্চমান সহকারী<br>১০২০০-২৪৬৮০/- | ১৪তম | ০২টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রিধারী। | |
| ৪. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>১০২০০-২৪৬৮০/- | ১৪তম | ০২টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রিধারী।<br>খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দ;<br>ঘ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>ঙ) কম্পিউটারে word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৫. | হিসাব সহকারী / হিসাব সহকারী-কাম-ক্যাশিয়ার / ক্যাশিয়ার<br>১০২০০-২৪৬৮০/- | ১৪তম | ০২টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী। তবে বাণিজ্যে স্নাতক ডিগ্রিধারী অগ্রগণ্য।<br>খ) সরকারি অফিসে হিসাবসংক্রান্ত কাজের অভিজ্ঞতা অগ্রগণ্য। | |
| ৬. | সার্ভেয়ার<br>১০২০০-২৪৬৮০/- | ১৪তম | ০১টি | ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন সার্ভে পাশ।<br>খ) কন্টুর ম্যাপ ও ড্রইংয়ে পারদর্শীগণ অগ্রগণ্য। | |
| ৭. | সহকারী মডেলার<br>১০২০০-২৪৬৮০/- | ১৪তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এইচ.এস.সি বা সমমানসহ অনুমোদিত ইন্সটিটিউট হতে মডেলিং-এ সনদপ্রাপ্ত।<br>খ) ফাইন আর্ট / মডেলিং-এ ডিপ্লোমাধারী অগ্রগণ্য। | |
| ৮. | ইলেকট্রিশিয়ান<br>১০২০০-২৪৬৮০/- | ১৪তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এস.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) কোনো স্বীকৃত কারীগরি ভোকেশনাল ইন্সটিটিউট হতে বৈদ্যুতিক প্রযুক্তি বিদ্যায় সনদপ্রাপ্ত হতে হবে। | |
| ৯. | ড্রাইভার<br>৯৭০০-২৩৪৯০/- | ১৫তম | ০১টি | ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে জে.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) বৈধ মোটর ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। | |

| ক্রমিক নং | পদের নাম ও বেতনস্কেল | গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার বাসিন্দারা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১০. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/- | ১৬তম | ০৩টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম এইচ.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ এবং বাংলায় ২০ শব্দ;<br>গ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং কম্পিউটারে word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | -ঐ- |
| ১১. | ভান্ডার রক্ষক<br>৯৩০০-২২৪৯০/- | ১৬তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম এইচ.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) ইংরেজি ও বাংলা টাইপিং-এ জ্ঞানসম্পন্ন প্রার্থীগণ অগ্রগণ্য। | |
| ১২. | বুকিং সহকারী<br>৯৩০০-২২৪৯০/- | ১৬তম | ০৩টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম এইচ.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) ইংরেজি ও বাংলা টাইপিং-এ জ্ঞানসম্পন্ন প্রার্থীগণ অগ্রগণ্য। | |
| ১৩. | ডেসপাস রাইডার<br>৯০০০-২১৮০০/- | ১৭তম | ০২টি | ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যুনতম জে.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) মোটর সাইকেল চালনায় বৈধ লাইসেন্স থাকতে হবে।<br>গ) মোটর সাইকেল রক্ষণাবেক্ষণ কাজে দক্ষতা বাঞ্ছনীয়। | গাজীপুর, নারায়নগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, ময়মনসিংহ, শেরপুর, নেত্রকোনা, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, নাটোর, নীলফামারি, কুড়িগ্রাম, দিনাজপুর, পঞ্চগড়, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, ব্রাক্ষনবাড়িয়া, চাঁদপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুরা, মেহেরপুর, বরগুনা, ভোলা, সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার।<br><br>* এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। |
| ১৪. | ফেরোপ্রিন্টার<br>৮৮০০-২১৩১০/- | ১৮তম | ০১টি | কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম এস.এস.সি বা সমমান পরীক্ষায় পাসসহ এমোনিয়া প্রিন্টিং মেশিন পরিচালনায় পারদর্শী হতে হবে। | |
| ১৫. | মিউজিয়াম এটেনডেন্ট<br>৮৫০০-২০৫৭০/- | ১৯তম | ০৩টি | কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম এস.এস.সি বা সমমান পরীক্ষায় পাস। | |
| ১৬. | সিকিউরিটি গার্ড<br>৮৫০০-২০৫৭০/- | ১৯তম | ০২টি | ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যুনতম জে.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) অবসরপ্রাপ্ত সেনা সদস্যগণ অগ্রগণ্য। | |
| ১৭. | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/- | ২০তম | ০৪টি | ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যুনতম জে.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) সাইকেল চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রগণ্য। | |
| ১৮. | সাইট এটেনডেন্ট<br>৮২৫০-২০০১০/- | ২০তম | ০১টি | ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যুনতম জে.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) সুস্বাস্থ্যের অধিকারীসহ বাগান পরিচর্যা কাজ ও শ্রমসাধ্য কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রগণ্য। | |
| ১৯. | মালী<br>৮২৫০-২০০১০/- | ২০তম | ০৫টি | ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যুনতম জে.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) সুস্বাস্থ্যের অধিকারীসহ বাগানের কাজ ও শ্রমসাধ্য কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রগণ্য। | |

| ক্রমিক নং | পদের নাম ও বেতনস্কেল | গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার বাসিন্দারা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ২০. | নৈশ প্রহরী<br>৮২৫০-২০০১০/- | ২০তম | ০৫টি | ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যুনতম জে.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) অবসরপ্রাপ্ত সেনা সদস্যগণ অগ্রগণ্য। | -ঐ- |
| ২১. | প্রহরী<br>৮২৫০-২০০১০/- | ২০তম | ০২টি | ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যুনতম জে.এস.সি বা সমমান পাস।<br>খ) অবসরপ্রাপ্ত সেনা সদস্যগণ অগ্রগণ্য। | |
| ২২. | পরিচ্ছন্নতা কর্মী<br>৮২৫০-২০০১০/- | ২০তম | ০১টি | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যুনতম পঞ্চম শ্রেণী বা সমমান পরীক্ষায় পাস। সুইপার সম্প্রদায়ভুক্ত হতে হবে। তবে হরিজন প্রার্থীদের জন্য শতকরা ৮০% পদ সংরক্ষিত থাকবে। হরিজন প্রার্থী পাওয়া না গেলে সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা হবে। | |
| | | সর্বমোট পদ- | ৪৮টি | | |

শর্তাবলী :

১. প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত আবেদন ফরম প্রত্নতত্ত্ব অধিদপ্তরের ওয়েব সাইট **www.archaeology.gov.bd**-এ এবং অধিদপ্তরের প্রধান কার্যালয়ের প্রশাসন শাখা হতে সংগ্রহ করা যাবে।

২. আবেদনপত্রের সাথে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা/নাগরিক হিসেবে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্র এবং ৯ম গ্রেডের নীচে নয় এমন সরকারি কর্মচারী কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট আকারের ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, কারিগরি প্রশিক্ষণের সনদপত্র, জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) ও অন্যান্য সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৩. আবেদনকারীর বয়স ৩১-১০-২০১৭ তারিখ সর্বনিম্ন ১৮ বৎসর এবং অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ-এর রীট পিটিশন নং- ৫৯৮৮/১৩ অনুযায়ী রীট আবেদনকারীগণ আবেদন করতে পারবেন।

৪. নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফল প্রকাশ অপেক্ষমান থাকলে উক্ত পরীক্ষায় অংশগ্রহণের সনদসহ আবেদন করা যাবে। তবে মৌখিক পরীক্ষা / সাক্ষাৎকারের সময় পরীক্ষায় পাসের সনদপত্র দাখিল করতে হবে।

৫. এতিম প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর নিয়ন্ত্রণাধীন রেজিস্টার্ড এতিমখানার নিবাসী হতে হবে এবং এতিমখানার নিবাসী সনদপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসক / উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। ক্ষুদ্র-নৃগোষ্ঠীর ক্ষেত্রে জেলা প্রশাসক / উপজেলা নির্বাহী অফিসার বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদ থাকতে হবে। আনসার ভিডিপির ক্ষেত্রে ন্যুনতম ২১ দিনের প্রশিক্ষণ সনদ থাকতে হবে।

৬. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর-এর অনুকূলে 'পরীক্ষা ফি' বাবদ ক্রমিক ১ থেকে ১২ পর্যন্ত পদের জন্য টাকা- ১০০/- (একশত মাত্র) এবং ক্রমিক ১৩ থেকে ২২ পর্যন্ত পদের জন্য টাকা- ৫০/- (পঞ্চাশ মাত্র) ট্রেজারি চালানের মাধ্যমে সোনালী ব্যাংক ট্রেজারি শাখার হিসাব কোড নং- ১-৩৪০১-০০০১-২০৩১ এ জমা প্রদান করে চালানের মূলকপি আবেদনের সাথে জমা দিতে হবে।

৭. আবেদনপত্র প্রেরণের খামের উপর পদের নাম, নিজ জেলা, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখপূর্বক ১০/-(দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ৯.৫ x ৪.৫ ইঞ্চি বিশিষ্ট একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৮. সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে অনাপত্তি পত্রসহ আবেদন করতে হবে/ এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৯. পুলিশ কর্তৃক সত্যতা প্রতিপাদনে প্রার্থীর স্থায়ী ঠিকানা, দাখিলকৃত সনদপত্র, মুক্তিযোদ্ধা সনদপত্র, ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) ও আবেদনপত্রে উল্লিখিত তথ্য ভুয়া / মিথ্যা প্রমাণিত হলে তাকে চাকরি থেকে বরখাস্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১. মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে প্রয়োজনীয় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১২. প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত বিধি মোতাবেক সকল ধরনের কোটা পদ্ধতি / নীতি অনুসরণ করা হবে।

১৩. নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে সংশ্লিষ্ট নিয়োগ বিধি অনুযায়ী নির্ধারিত সময় পর্যন্ত শিক্ষানবিশ স্তরে চাকরি করতে হবে।

১৪. আবেদনের সাথে সংযুক্ত প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে নামবিহীন পদবিযুক্ত সিল ব্যবহার করা হলে সংশ্লিষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৫. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টিএ/ডিএ বা অন্য কোনো ভাতা প্রদান করা হবে না।

১৬. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন, সংযোজন, বিয়োজন, বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের (অধিদপ্তরের) সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭. সকল আবেদনপত্র, মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর,এফ/৪ এ, আগারগাঁও প্র/এ, শেরেবাংলা নগর, ঢাকা বরাবর ৩১-১০-২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। আবেদনপত্র অবশ্যই ডাকযোগে পাঠাতে হবে। হাতে হাতে কোনো আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর কোনো আবেদনপত্র গৃহিত হবে না।

**আবেদনপত্র গ্রহণের সর্বশেষ তারিখ : ৩১-১০-২০১৭।**

৪/১০/১৭

(মো. আলতাফ হোসেন)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২- ৮১২ ৬৮ ১৭
ফ্যাক্সঃ ০২-৯১০ ৩৯ ১৮।